যায়যায়দিন

তারিখ 3 AUG 2012
পৃষ্ঠা ৩ কলাম ৫

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে অস্থিরতায় ইউজিসির গভীর উদ্বেগ

যাযাদি রিপোর্ট

দেশের কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক অস্থিরতায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) গভীর উদ্বেগ প্রকাশ করেছে। বৃহস্পতিবার ইউজিসি চেয়ারম্যান প্রফেসর ড. এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ বেশ কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সাম্প্রতিক পরিস্থিতি ও সৃষ্ট শিক্ষা সঙ্কটের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়।

> সঙ্কট নিরসনে তারা ছাত্র-শিক্ষক বিশ্ববিদ্যালয় প্রশাসন, স্থানীয় প্রশাসন ও রাজনৈতিক নেতাদের দায়িত্বশীল ভূমিকা প্রত্যাশা করে

সভায় পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে বিরাজমান পরিস্থিতি সরেজমিন পরিদর্শন এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সহায়তা প্রদানের জন্য ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ মোহাব্বত খানকে আহ্বায়ক করে ৩ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। ইউজিসি সদস্য প্রফেসর ড. মো. আখতার হোসেন কমিটির সদস্য এবং ইউজিসির উপ-সচিব ফেরদৌস জামান সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

কমিশন মনে করে, বিশ্ববিদ্যালয়গুলোতে অস্থিরতার কারণে শিক্ষা কার্যক্রমে স্থবিরতা সৃষ্টির পাশাপাশি দেশের সামগ্রিক উচ্চ শিক্ষাব্যবস্থাকে ব্যাহত করছে। সঙ্কট নিরসনে ইউজিসি ছাত্র-শিক্ষক, বিশ্ববিদ্যালয় প্রশাসন, স্থানীয় প্রশাসন ও রাজনৈতিক নেতাদের দায়িত্বশীল ভূমিকা প্রত্যাশা করে।

অস্থিরতা নিরসন ও শিক্ষা কার্যক্রমে গতিশীলতা আনতে শিক্ষকসমাজ ও বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদের স্ব-স্ব দায়িত্বের কথা স্মরণে রেখে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন বলে কমিশন প্রত্যাশা করে। বিশ্ববিদ্যালয়সমূহ প্রয়োজন মনে করলে ইউজিসি সর্বাত্মক সহায়তা প্রদান করবে বলে জানিয়েছে।

ইউজিসি জানিয়েছে, দেশে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা ২২ লাখের সীমা অতিক্রম করেছে- যা চীন, ভারত ও ইন্দোনেশিয়ার পরের স্থান অর্জন করে বিশ্বে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে, সে সময় এই অচলাবস্থা মোটেও কাম্য নয়।